দৈনিক ইনকিলাব

তারিখ 26 FEB 1987
পৃষ্ঠা 4

# ১১টি পলিটেকনিক ইনস্টিটিউটের উন্নয়নে ৮ কোটি টাকা বরাদ্দ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ... ডকুমেন্টেশন কেন্দ্র

... ফেব্রুয়ারী (সংবাদদাতা)।— কারিগরী শিক্ষা পরিদপ্তরের অধীন দেশের ১১টি পলিটেকনিক ইনস্টিটিউটের উন্নয়নের জন্য ৮ কোটি ৩৪ লাখ ৫৫ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে। ইনস্টিটিউটগুলোর বিভিন্নভবন সম্প্রসারণ, মেরামত, রক্ষণাবেক্ষণ ও আসবাবপত্র নির্মাণের জন্য উক্ত টাকা ব্যয় করা হবে।

জানা গেছে, ফেনী পলিটেকনিক ইনস্টিটিউটের ওয়ার্কশপের জন্য ৪৯ লাখ ১৭ হাজার, ছাত্রাবাসের জন্য ৮ লাখ ১৩ হাজার ও আসবাবপত্রে জন্য ৭ লাখ ৫০ হাজার, দিনাজপুর পলিটেকনিকের একাডেমিক ও ছাত্রদের এ্যাকটিভিটি ভবনের জন্য ২৫ লাখ ৩৭ হাজার, প্রশাসনিক ভবনের জন্য ৩৩ লাখ ৭১ হাজার, ছাত্রাবাসের জন্য ৯ লাখ ১৭ হাজার ও আসবাবপত্রের জন্য ৭ লাখ, কুষ্টিয়া পলিটেনিকের বিদ্যুতায়নসহ ওয়ার্কশপ ভবনের জন্য ৫৬ লাখ ৬২ হাজার, ছাত্রাবাসের জন্য ১১ লাখ ৬ হাজার ও আসবাবপত্রের জন্য ৬ লাখ ২০ হাজার, কুমিল্লা পলিটেকনিকের ওয়ার্কশপ ভবনের জন্য ৪৪ লাখ ৯৮ হাজার, প্রশাসনিক ও একাডেমিক ভবনের জন্য ৩৬ লাখ ৭৫ হাজার, ছাত্রাবাসের জন্য ৪০ লাখ ২ হাজার টাকা ময়মনসিংহ পলিটেকনিকের একাডেমিক ও প্রশাসনিক ভবনের জন্য ২৬ লাখ ৭৬ হাজার ওয়ার্কশপ ভবনের জন্য ৩১ লাখ ৩৮ হাজার ও ছাত্রাবাসের জন্য ৩৮ লাখ ৭২ হাজার, চট্টগ্রাম পলিটেকনিকের প্রশাসনিক, একাডেমিক ও এ্যানসিলারী ভবনের জন্য ৪৪ লাখ ১৪ হাজার, ওয়ার্কশপ ভবনের জন্য ৪২ লাখ ৭৮ হাজার ও ছাত্রাবাসের (৪টি) জন্য ৬৯ লাখ ৬৯ হাজার টাকা।

পলিটেকনিকের একাডেমিক-কাম প্রশাসনিক ভবনের জন্য ৩১ লাখ ৪৭ হাজার, ওয়ার্কশপ ভবনের (২টি) জন্য ৫৫ লাখ ৯ হাজার ও ছাত্রাবাসের (৩টি) জন্য ১ কোটি ১০ লাখ ৭৯ হাজার টাকা। সিলেট পলিটেকনিকের একাডেমিক-কাম প্রশাসনিক ভবনের জন্য ২৪ লাখ ৫৬ হাজার ও ছাত্রাবাসের জন্য ১৬ লাখ ৩ হাজার, ফরিদপুর পলিটেকনিকের আসবাবপত্রের জন্য ৭ লাখ ৬৮ হাজার ৭শ', যশোর পলিটেকনিক আসবাবপত্রের জন্য ৩ লাখ ৮৩ হাজার ৬শ', রাজশাহী পলিটেকনিকের আসবাবপুত্রের জন্য ৪ লাখ ৬৬ হাজার ৬শ' টাকা বরাদ্দ করা হয়েছে। আগামী ১ বছরের মধ্যে উক্ত প্রকল্পসমূহের কাজ সম্পন্ন হবে।